19 FEB 2017

# ২১ অক্টোবর জাতীয় বিশ্ববিদ্যালয়ের রজতজয়ন্তী উদ্‌যাপন করা হবে

## — উপাচার্য

প্রতিনিধি, গাজীপুর

বার্ষিক বিশেষ সিনেট অধিবেশন শনিবার বিশ্ববিদ্যালয়ের গাজীপুর ক্যাম্পাসের সিনেট হলে অনুষ্ঠিত হয়েছে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর ও সিনেট চেয়ারম্যান প্রফেসর ড. হারুন-অর-রশিদের সভাপতিত্বে এ বিশেষ সিনেট অধিবেশন অনুষ্ঠিত হয়।



অধিবেশনে উপাচার্য তার অভিভাষণে বলেন, 'জাতীয় বিশ্ববিদ্যালয় দেশের অভ্যন্তরে সর্ববৃহৎ তো বটেই, এমনকি বিশ্বের মধ্যেও এটি অন্যতম বৃহৎ শিক্ষা প্রতিষ্ঠান। দেশের ৩৯টি পাবলিক বিশ্ববিদ্যালয়ের মধ্যে এটি স্বতন্ত্র বৈশিষ্টমণ্ডিত। এর বৃহৎ আয়তন বা পরিধির কারণে এটিকে সুষ্ঠুভাবে পরিচালনার ক্ষেত্রে যত না সমস্যা, তার চেয়ে অধিকতর সমস্যা অবকাঠামোগত অনুন্নয়ন, আধুনিক তথ্যপ্রযুক্তি ব্যবহারে অনীহা বা অপারদর্শিতা, শিক্ষক-শিক্ষার্থীদের মধ্যে এখনও পেশাদারিত্বের মনোভাব গড়ে না ওঠা, প্রধানত সরকারি কলেজগুলোতে প্রয়োজনীয় সংখ্যক শিক্ষকের ঘাটতি, বেসরকারি কলেজের গভর্নিং বডি গঠন নিয়ে আন্তঃকলহ, কখনও প্রতিষ্ঠান-বহির্ভূত হস্তক্ষেপ ইত্যাদি। এসব বাস্তব অবস্থা মোকাবিলা করেই আমাদের কাঙ্ক্ষিত লক্ষ্যে এগিয়ে যেতে হবে। মনে রাখা প্রয়োজন, উন্নয়ন-অগ্রগতির জন্য আবশ্যক গৃহীত পদক্ষেপসমূহের চলমানতা বা ঝঁংঃধরহধনরষরঃু। অধিকন্তু, একটি প্রতিষ্ঠান স্বাভাবিকভাবে গড়ে ওঠার জন্য প্রয়োজন হয় নিয়ম-কানুনের অনুশাসন বা আইনের শাসন এবং অভ্যন্তরীণ প্রাতিষ্ঠানিক শৃংখলা। সর্বোপরি থাকা চাই প্রতিষ্ঠানের সর্বোচ্চ থেকে সর্বনিম্ন পর্যন্ত সংশ্লিষ্ট সকলের মধ্যে এর প্রতি আনুগত্য এবং ব্যক্তিগত হিসেব-নিকেষ বা প্রাপ্তিযোগের স্থলে প্রতিষ্ঠানের স্বার্থকে সর্ব উর্ধ্বে তুলে ধরার মানসিকতা; অন্যকথায়, প্রত্যেকের মধ্যে পরিমিতিবোধ ও ত্যাগের মানসিকতা।' বিশেষ সিনেট অধিবেশনে প্রয়াত সাবেক রেলমন্ত্রী সুরঞ্জিত সেনগুপ্ত ও কিউবার প্রেসিডেন্ট ফিদেল ক্যাস্ট্রোসহ ১৮বিশিষ্ট ব্যক্তি এবং গুলশানের হোলি আর্টিজানে নিহতদের জন্য শোক প্রস্তাব আনা হয় ও এক মিনিট নীরবতা পালন করা হয়।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক হারুন অর রশিদ সিনেটের সভাপতি হিসেবে লিখিত বক্তব্য প্রদানের আগে ওই প্রস্তাব আনেন। অধিবেশনে অন্যান্যের মধ্যে সংসদ সদস্য আবুল কালাম আজাদ, বাবু ধীরেন্দ্র দেবনাথ শম্ভু এমপি, বেগম হেপী বড়াল এমপি, ঢাকা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর মাহবুবুর রহমান, শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব আবদুল্লাহ আল হাসান চৌধুরী, বিভাগীয় কমিশনার মো. রুহুল আমিনসহ অধ্যাপক ড. খন্দকার বজলুল হক, প্রফেসর ড. শরীফ এনামুল কবির, অধ্যাপক ড. এম ওয়াহিদুজ্জামান, অধ্যক্ষ মো. আবদুর রশীদ, অধ্যাপক ড. আল মাসুদ হাসানউজ্জামান, ড. আনোয়ার হোসেন, বিভাগীয় কমিশনাররা, বিভিন্ন শিক্ষা বোর্ডের চেয়ারম্যানগণ বক্তব্য রাখেন। এতে মোট ৪৭ জন সিনেট সদস্য উপস্থিত ছিলেন। সিনেটে বিশ্ববিদ্যালয়ের চাকরি সংবিধির কতিপয় ধারায় সংশোধনী প্রস্তাব অনুমোদিত হয়। সিনেট অধিবেশনে উপাচার্য জানান, এ বছরের ২১ অক্টোবর জাতীয় বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার ২৫ বছর পূর্ণ হবে। অতঃপর সিনেটে আনন্দঘন পরিবেশে রজতজয়ন্তী উদযাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।